গোলাপগঞ্জ আমুড়া ইউনিয়ন বিএনপির ইফতার মাহফিল

ডেস্ক রিপোর্ট: গোলাপগঞ্জ উপজেলার আমুড়া ইউনিয়ন বিএনপির উদ্যোগে মাহে রমজান উপলক্ষে আলোচনা সভা ও ইফতার মাহফিল সম্পন্ন হয়েছে। শনিবার স্থানীয় ছাইয়ান কমিউনিটি সেন্টার আমনিয়ায় অনুষ্ঠিত মাহফিলে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সিলেট জেলা বিএনপির সাবেক সভাপতি আবুল কাহের চৌধুরী শামীম।

আমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি মাহবুবুল হক লুলু মিয়ার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আব্দুল গফফার কুটি’র পরিচালনায় অনুষ্ঠিত ইফতার মাহফিলে গোলাপগঞ্জ উপজেলা, আমুড়া ইউনিয়ন বিএনপি অঙ্গ ও সহযোগি সংগঠনের বিভিন্ন পর্যায়ের ৩ শতাধিক দলীয় নেতাকর্মী অংশ নেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, গোলাপগঞ্জ উপজেলা বিএনপির সাবেক আহবায়ক ডাঃ আব্দুল গফুর, সাবেক সদস্য সচিব রাজু আহমদ তালুকদার, গোলাপগঞ্জ পৌর বিএনপির সাবেক আহবায়ক হাসান ইমাদ, উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি কাউন্সিলর হেলালুজ্জামান হেলাল, সহ সভাপতি মাহবুবুর রহমান ফয়সল, আশফাক আহমদ চৌধুরী, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান উজ্জল, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আমিন উদ্দিন আহমদ, যুগ্ম সাধারণ সম্পাদক এ এস এম আশরাফ বাদল, সাংগঠনিক সম্পাদক আব্দুল জলিল সেলিম, রিপন আহমদ মাষ্টার।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক ও আমুড়া ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ সভাপতি নুরুল ইসলাম মুন্না, উপজেলা বিএনপির সহ কোষাধ্যক্ষ ও ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনছুর আলম, উপজেলা যুবদলের সদস্য সচিব সালাউদ্দিন, যুগ্ম আহবায়ক রাজু আহমদ, পৌর যুবদলের সদস্য সচিব আব্দুল আজিজ মুন্না, যুগ্ম আহবায়ক নুরুজ্জামান জুবেল, যুগ্ম আহবায়ক রাজু আহমদ, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব সাহান আহমদ, পৌর ছাত্রদলের যুগ্ম আহবায়ক সুহেদ আহমদ, রাজু আহমদ, ঢাকাদক্ষিন সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহবায়ক তোফায়েল আহমেদ সুমেল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক কমিটির সদস্য কয়েছ আহমদ, ইউনিয়ন কৃষকদলের সাধারণ সম্পাদক বেলাল আহমদ, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রাহিন আহমদ, যুগ্ম সাধারণ সম্পাদক

নিশান আহমদ, সাংগঠনিক জাকির আহমদ, ঢাকাদক্ষিন ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সাকিব আহমদ ও ভাদেশ্বর ইউনিয়ন ছাত্রদলের সভাপতি নাবিল আহমদ প্রমুখ। বিজ্ঞপ্তি